# বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
# কোটবাড়ি, কুমিল্লা

## শুদ্ধাচার কর্মকৌশল ২০২১-২০২২ অনুযায়ী আয়োজিত অংশীজনের ৩য় সভার কার্যবিবরণী

তারিখ: ১৭ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ
সময়: সকাল ১০:০০ টা
স্থান: কনফারেন্স হল-১, বার্ড

**সভাপতিঃ জনাব মোঃ শাহজাহান, মহাপরিচালক, বার্ড।**

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে বার্ডের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুযায়ী ১৭/১১/২০২২ তারিখ সকাল ১০:০০টায় একাডেমির কনফারেন্স হল-১ এ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে একটি সভা (Stakeholders Meeting) অনুষ্ঠিত হয়। মহাপরিচালক, বার্ড এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে বার্ডে গঠিত নৈতিকতা কমিটির সভাপতি জনাব মোঃ শাহজাহান উক্ত সভায় সভাপতিত্ব করেন। একাডেমির অতিরিক্ত মহাপরিচালক, ৯টি বিভাগের পরিচালকগণ, আমন্ত্রিত অংশীজন, বার্ডের পেনশনভোগী কর্মচারীগণ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, শুদ্ধাচার, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার ও উদ্ভাবনী কার্যক্রম এর সাথে সংশ্লিষ্ট অনুষদ সদস্যগণ এবং শাখা প্রধান, বার্ডে চলমান দুটি বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থী প্রতিনিধিগণ উক্ত সভায় অংশগ্রহণ করেন।

### ক) সূচনা বক্তব্য:

সভার শুরুতেই নৈতিকতা কমিটির পক্ষে অতিরিক্ত মহাপরিচালক, বার্ড জনাব মিলন কান্তি ভট্টাচার্য্য সূচনা বক্তব্য প্রদান করেন। তিনি বলেন, বাংলাদেশ সরকার আমাদের জাতীয় জীবনে শুদ্ধাচার প্রতিষ্ঠার জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছেন। বার্ড এই প্রক্রিয়ার সাথে সম্পৃক্ত হয়েছে অনেক আগেই বলে তিনি উল্লেখ করেন। তিনি আরও বলেন, এই প্রক্রিয়ার একটি অংশ হচ্ছে অংশীজন সভার আয়োজন করা। তিনি উল্লেখ করেন যে, এই অংশীজন সভার উদ্দেশ্য হচ্ছে বার্ডের যারা সেবা নিচ্ছেন তাঁরা এই সেবা গ্রহণ প্রক্রিয়া সম্পর্কে অবগত কিনা এবং এই সেবা গ্রহণ করতে কনো অসুবধা হচ্ছে কিনা তা জানা। তিনি মন্তব্য করেন যে, অংশীজন সভায় বার্ডের প্রাক্তন সহকর্মীগণ অংশগ্রহণ করছেন বলে তিনি আনন্দিত। তিনি আরও উল্লেখ করেন যে, বার্ড বিভিন্ন ভাবে অনেক সেবা সরবরাহ করছে। পর্যায়ক্রমে সকলের কাছ থেকে অংশীজন সভার মাধ্যমে মতামত নেয়া হবে বলে তিনি মন্তব্য করেন। এই অংশীজন সভার মুল উদ্দেশ্য হচ্ছে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা যা শুদ্ধাচার বাস্তবায়নের একটি পূর্বশর্ত বলে তিনি উল্লেখ করেন। পরিশেষে তিনি অংশীজন সভার সফলতা কামনা করে তাঁর বক্তব্য সমাপ্ত করেন।

### খ) বিষয়ভিত্তিক উপস্থাপনা:

সূচনা বক্তব্যের পর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার, উদ্ভাবনী কার্যক্রম এবং শুদ্ধাচার ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট টিম লিডার/ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সংশ্লিষ্ট বিষয়ে হালনাগাদ তথ্যসহ উপস্থাপনা প্রদান করেন। উপস্থাপনা শেষে উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।

### গ) উন্মুক্ত আলোচনা:

সূচনা বক্তব্য এবং বিষয়ভিত্তিক উপস্থাপনার পর উপস্থিত অংশীজন, কর্মকর্তা-কর্মচারীগণ এবং সংশ্লিষ্টগণ উন্মুক্ত আলোচনায় মতামত প্রদান করেন। আলোচনায় উপস্থিত কর্মকর্তা-কর্মচারী এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, শুদ্ধাচার, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার ও উদ্ভাবনী কার্যক্রম সম্পর্কে বিভিন্ন প্রশ্ন করেন এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ সেসকল প্রশ্নের উত্তর দেন। উন্মুক্ত আলোচনার গুরুত্বপূর্ণ মতামত সমূহ নিম্নে উল্লেখ করা হলোঃ

- জনাব গোলাম কিবরিয়া, মহাপরিচালক মহোদয়ের প্রাক্তন পিএ, বলেন বর্তমানে পেনশন সময়মত পাচ্ছেন। তিনি সন্তুষ্টি প্রকাশ করে বলনে যে, এখন মাসের প্রথমেই ব্যাংকের একাউন্টে পেনশন চলেযায় ও মোবাইলে এসএমএসের মাধ্যমে তা জানানো হয়।
- জনাব সালাউদ্দিন আহমেদ, অবসরপ্রাপ্ত সেকশন অফিসার, বলেন বার্ড সেবা প্রদানের ক্ষেত্রে দেশে অনন্য একটি প্রতিষ্ঠান। এই ধারাবাহিকতা ভবিষ্যতেও বিরাজমান থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।
- জনাব তাজুল ইসলাম, অবসরপ্রাপ্ত বিদ্যুৎ সুপার বলেন, বার্ডের পেনশন ব্যবস্থা অন্যান্য প্রতিষ্ঠান সমূহ থেকে অনেক উন্নত। তিনি এই ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান।

- জনাব শাহজাহান মজুমদার, অবসরপ্রাপ্ত নিরাপত্তা প্রহরী, বার্ড বলেন, বার্ডের পেনশন ব্যবস্থায় কোন দীর্ঘসূত্রিতা নেই। তিনি সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, বার্ডের এই পেনশন ব্যবস্থা ভবিষ্যতেও অব্যাহত থাকবে।
- ডাঃ লালা সৌরভ দাস, প্রশিক্ষণার্থী, ১৫৪তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, বার্ড প্রথমে এই সভায় তাঁদের আমন্ত্রন জানানোর জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, কোর্স কারিকুলামের সেশন সমুহ ১ ঘন্টার পরিবর্তে ৪০ মিনিট করলে প্রশিক্ষণার্থীগণ অধিকতর কার্যকর ভাবে সেশনের বিষয়বস্তু আত্মস্থ করতে সক্ষম হবে। কারণ উল্লেখ করে তিনি বলেন, মানুষের মস্তিষ্ক টানা ১ ঘন্টা কোন বিষয়ের উপর লেকচার আত্মস্থ করতে পারেনা। সেক্ষেত্রে তিনি ৪০ মিনিটের সেশন ও পরবর্তীতে সেশনের পড়েই পোস্ট টেস্ট নেয়ার বিষয়ে মতামত ব্যক্ত করেন। এতে প্রশিক্ষণার্থীগণের উপর চাপ কমবে বলে তিনি মন্তব্য করেন। তাছাড়া, তিনি বার্ডের পরিবহণ পুলের গাড়ি সরবরাহ করে প্রশিক্ষণের সময় মাঝে মাঝে প্রশিক্ষণার্থীগণকে আশেপাশে ভ্রমণের ব্যবস্থা করার জন্য অনুরোধ জানান।
- ডাঃ সুমেন সেন গুপ্তা, প্রশিক্ষণার্থী, ১৫৩তম বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, বার্ড বলেন, বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের বিষয়বস্তুসমুহ অত্যান্ত গুরুত্বপূর্ণ। প্রশিক্ষণের সেশনসমুহের সময় কমিয়ে আনার বিষয়ে তিনি মতামত ব্যক্ত করেন।

**(গ) সভাপতির বক্তব্য:**

সভাপতির বক্তব্যে মহাপরিচালক, বার্ড সকলকে সুন্দর ও গঠনমূলক মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানান। তিনি বলেন, এই অংশীজন সভা বার্ডের সেবা সরবরাহের মান বাড়ানোর অন্যতম একটি পন্থা। তিনি বলেন, বার্ডের পেনশন ভোগীগন বার্ডের কাজের মান বাড়াতে সহায়তা করতে পারেন। তিনি তাঁদের বার্ডের কাজের মান বাড়ানোর জন্য কি কি করা যায় তা পর্যবেক্ষণের জন্য অনুরোধ জানান। তিনি বলেন, শুদ্ধাচার বাস্তবায়নের জন্য বিভিন্ন কৌশল রয়েছে। তাঁর মাঝে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, তথ্য অধিকার ও উদ্ভাবনী কার্যক্রম অন্যতম বলে মন্তব্য করেন। তিনি বলেন, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার সঠিক প্রয়োগের মাধ্যমে বিভিন্ন সমস্যার সঠিক সমাধান সম্ভব। এ প্রসঙ্গে বিভিন্ন সময়ে বেনামি চিঠির মাধ্যমে মিথ্যা অভিযোগের বিষয়েও তিনি মন্তব্য করেন। এ ধরণের মিথ্যা অভিযোগের কারণে প্রতিষ্ঠানের স্বাভাবিক কাজ ব্যহত হয় বলে তিনি মন্তব্য করেন। এ জন্যই অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার উদ্ভাবন হয়েছে বলে তিনি মন্তব্য করেন। দেশের বিভিন্ন প্রতিষ্ঠানে শুদ্ধাচার কৌশল অনুসরণ করলে ধীরে ধীরে পরিস্থিতির উন্নয়ন ঘটবে বলে তিনি মন্তব্য করেন। তিনি সকলকে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সচেষ্ট হওয়ার অনুরোধ জানান। অতঃপর তিনি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/৩/২২

(জোনায়েদ রহিম)
যুগ্ম-পরিচালক এবং শুদ্ধাচার ফোকাল পয়েন্ট

২৯/৩/২২

(মোঃ শাহজাহান)
মহাপরিচালক, বার্ড এবং
সভাপতি, নৈতিকতা কমিটি

**<u>বিতরণ</u>**

১. পরিচালক (সকল), বার্ড;
২. নৈতিকতা কমিটির সকল সদস্য
৩. শাখা-প্রধান (সকল), বার্ড;
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৫. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য;
৬. অফিস কপি।